

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৫২(আগরতলা, ১৫।০৩)  
কৈলাসহর, ১৫ মার্চ, ২০১৯

উনকোটি জেলায় ১৬ মার্চের মধ্যে  
আগ্নেয়াস্ত্র জমা দিতে নির্দেশ

আসন্ন লোকসভা নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে আগামী ১৬ মার্চের মধ্যে উনকোটি জেলায় লাইসেন্সপ্রাপ্ত সব আগ্নেয়াস্ত্র এবং গোলাবারুদ সংশ্লিষ্ট থানায় জমা দেওয়ার জন্য উনকোটি জেলার জেলাশাসক ও সমাহর্তা নির্দেশ দিয়েছেন। এই আদেশ অমান্যকারির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। উনকোটি জেলার জেলাশাসক এক বিজ্ঞপ্তিতে এই আদেশ জারী করেছেন।

\*\*\*\*\*